

## সম্ভ্রাসবাদ মোকাবিলায় ব্রিকস জয়েন্ট ওয়াকিং গ্রুপের প্রথম বৈঠক (সেপ্টেম্বর ১৪, ২০১৬)

ব্রিকস-এর সভাপতি হিসাবে ভারত সম্ভ্রাসবাদ মোকাবিলায় ব্রিকস জয়েন্ট ওয়াকিং গ্রুপের প্রথম বৈঠকের আয়োজন করেছিল নয়াদিল্লিতে, সেপ্টেম্বর ১৪, ২০১৬। প্রতিটি ব্রিকস সদস্যভুক্ত দেশের প্রতিনিধিরা বৈঠকে উপস্থিত ছিলেন।

শ্রী সন্তোষ ঝা, যুগ্ম সচিব (পিপি অ্যান্ড আর), ভারতের পররাষ্ট্রমন্ত্রক, বৈঠকের সভাপতিত্ব করেন। ব্রাজিলের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন রাষ্ট্রদূত নেলসন আন্তোনিও তাবাজারা ডি'ওলিভেরা, চিনের মহামান্য লিউ গুয়াংউন, রাশিয়ার জনাব ইলিয়া রোগাচেভ এবং দক্ষিণ আফ্রিকার জনাব নাকামপে মাইকেল।

বৈঠকে সম্ভ্রাসবাদ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। একইসঙ্গে গার্বস্থ্য দৃষ্টিকোণ এবং হুমকি পরিস্থিতির মূল্যায়ণ এবং ব্রিকস সদস্য রাষ্ট্রের সক্ষমতা বৃদ্ধি, তথ্য বিনিময়, প্রযুক্তি বিনিময়, অনলাইন মৌলবাদ প্রতিহত করার মতো বিষয় নিয়ে আলোচনা হয়। পাশাপাশি, বিভিন্ন বহুপাক্ষিক মঞ্চ যেমন রাষ্ট্রসঙ্ঘ এবং ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স—এ সহযোগিতা।

অবাধ ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে আলোচনা হয়েছে। এই আলোচনা ব্রিকস সদস্য রাষ্ট্রগুলিকে সম্ভ্রাসবাদ ইস্যুটি ভাল করে বুঝতে সাহায্য করে এবং আগামী বছরগুলিতে বিষয়টি আরও এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে অংশগ্রহণকারীরা সহমত হয়েছেন।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ১৪, ২০১৬